

কীভাবে টপ-আপ করবেন?

- গোল্ড ওপ্যাল কার্ডে ভ্রমণ ভাড়া যুক্ত করার জন্য নিম্নলিখিত ব্যবস্থা আছে:
 - ওপ্যাল নেটওয়ার্কের সর্বত্র নির্দিষ্ট এলাকায় ওপ্যাল টপ আপ যন্ত্র
 - ওপ্যাল খুচরা বিক্রেতা (আপনার নিকটতম খুচরা বিক্রেতার অবস্থান জানতে retailers.opal.com.au ওয়েবসাইটটি দেখুন)
 - opal.com.au
 - 13 67 25 (13 OPAL)**
- ফোন অথবা অনলাইনে মাধ্যমে টপ আপ করলে তা কার্যকরী হতে 60 মিনিট পর্যন্ত সময় লাগতে পারে।

কীভাবে ভ্রমণ করবেন

- প্রতিটি ভ্রমণের শুরুতে এবং শেষে আপনার ওপ্যাল কার্ডটি ওপ্যাল কার্ড রিডার-এ রেখে ট্যাপ অন এবং ট্যাপ অফ করুন।
- ওপ্যাল কার্ড রিডারগুলি রেল স্টেশন, বাস, অথবা ফেরিঘাট এবং লাইট রেইল স্টপে পাওয়া যায়।
- আপনি প্রতিবার ট্যাপ অন এবং ট্যাপ অফ করবেন এবং আপনার সঙ্গে ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি রাখবেন, নচেৎ আপনার জরিমানা হতে পারে।

আশ্রয়প্রার্থীদের গোল্ড ওপ্যাল কার্ড এর মেয়াদপূর্তি

- কার্ড দেওয়ার তারিখ থেকে 12 মাস পর্যন্ত যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য গোল্ড ওপ্যাল কার্ড বৈধ থাকে।
- ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডের মেয়াদ 12 মাস।
- যদি এখনও যোগ্য থাকেন, তাহলে আশ্রয়প্রার্থীরা আরও 12 মাসের জন্য তাঁদের ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড এবং গোল্ড ওপ্যাল কার্ড এর পুনর্নবীকরণ করতে পারবেন। এটা করতে হলে তাঁদের আশ্রয়প্রার্থীদের সহায়তাকারী একটি এজেন্সির (পূর্ববর্তী পৃষ্ঠায় দেখুন) কাছে যেতে হবে।

যদি আপনার ওপ্যাল কার্ড হারিয়ে যায় অথবা চুরি হয়

- যদি আপনি আপনার গোল্ড ওপ্যাল কার্ড নিবন্ধীকৃত করেন, তাহলে কার্ডটি হারিয়ে গেলে অথবা চুরি গেলেও আপনার ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে।
- যদি আপনার নিবন্ধীকৃত কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন। আপনার কল এর সময় থেকে আপনার ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে এবং তা একটি নতুন কার্ডে স্থানান্তরও করা যেতে পারে।
- একটি বাড়তি গোল্ড ওপ্যাল কার্ড পেতে (ফি লাগতে পারে) আপনাকে **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করতে হবে।

যদি আপনার ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়

- যদি আপনার ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ডটি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে একটি বাড়তি কার্ডের জন্য (ফি লাগতে পারে) transportsw.info/asylum-seekers-এ যান অথবা **131 500** নম্বরে টেলিফোন করুন।

আপনার গোল্ড ওপ্যাল কার্ড কেন নিবন্ধীকৃত করবেন?

- আপনার কার্ডের মেয়াদ শেষ হয়ে এলে আমরা আপনাকে স্মরণ করিয়ে দিতে পারি।
- যদি হারিয়ে যায় অথবা চুরি হয়, তাহলে আপনার কার্ডের ব্যাল্যান্স সুরক্ষিত থাকবে।
- যদি অব্যবহৃত ব্যাল্যান্স থাকে তাহলে কার্ডের মেয়াদপূর্তির সময় আপনি তা পাবেন।
- আপনার কার্ডের নিবন্ধীকরণের জন্য **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন অথবা opal.com.au ওয়েবসাইটটি দেখুন।

আরও তথ্য চান?

- যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য ট্রান্সপোর্ট কনসেশন এনটাইটেলমেন্ট কার্ড সম্পর্কে আরও তথ্যের জন্য transportsw.info/asylum-seekers ওয়েবসাইটটি দেখুন অথবা **131 500** নম্বরে টেলিফোন করুন।
- যোগ্য আশ্রয়প্রার্থীদের জন্য গোল্ড ওপ্যাল কার্ড সম্পর্কে আরও তথ্যের জন্য opal.com.au ওয়েবসাইটটি দেখুন অথবা **13 67 25 (13 OPAL)** নম্বরে টেলিফোন করুন।